

# সমাচার দর্পণ

১০৮৪ সংখ্যা। বালম ১৮।] ১৮৩৬ সাল ২৩ আপ্রিল। শনিবার ১২ ৪৩ সাল ১২ বৈশাখ। SATURDAY, APRIL 23D. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1084. Vol. XVIII.]

Published at Serampore every Saturday Morning.

[Price—1 Rupee monthly.]

## ইশতেহার।

ইশতেহার দেওয়া যাইতেছে।  
 যে মফঃসলের বাজারের সরবরাহকা  
 রণ দফা দফা নীলামের দ্বারা সরকারি ন  
 মক বিক্রয়ের যে নিয়ম ছিল তাহা এই  
 ইশতেহারের তারিখ হইতে অতঃপর র  
 হিত হইল।  
 ২ দফা। আগামি জুলাই মাসের ১ তা  
 রিখ অবধি ও তদনন্তর সরকারি নমক  
 ২৫০ মোনের ন্যূন না হয় এমত পরিমা  
 ণে খোশসওদায় নির্দ্ধারিত মূল্যে বিক্রয়  
 হইবেক আর এই ২৫০ মোনের অধিক  
 কিছু লইতে হইলে উপরি ৫০ মোন অ  
 থবা ১০০ মোন পুরা লইতে হইবেক অ  
 থবা ৩০০ মোন। ৩৫০ মোন। ৪০০  
 মোন। ৫০০ মোন এইরূপ।  
 ৩ দফা। এক্ষণে যে প্রকারে ও যে দলি  
 লে নমক ওজন দেওয়া যাইতেছে তদনু  
 রূপে এই ইশতেহারের সম্বলিত ফর্দের  
 লিখিত নানা ঘাট ও গোলাহইতে নমক  
 দেওয়া যাইবেক।  
 ৪ দফা। যে ঘাট ও যে গোলাহইতে  
 যে যে রকম নমক দেওয়া যাইবেক তা  
 হার প্রত্যেকের দর এই ইশতেহারের স  
 ম্বলিত ফর্দে বেওরাপূর্বক লেখা গেল।  
 ৫ দফা। যে সকল ব্যক্তি যে যে ঘাট  
 অথবা গোলাহইতে নমক ক্রয় করিতে বা  
 ঙ্গী করিবেন তাহারদিগকে এই ইশতেহা  
 রের সম্বলিত ফর্দের লিখিত দরে এই নম  
 কের কিম্বতের টাকা জেনরল ত্রেজুরীতে  
 দাখিল করিতে হইবেক পরে এই টাকার  
 বাবৎ সব ত্রেজুরর সাহেবের রসীদ বোর্ড  
 পরমিট ও নমক ও আফীনের দপ্তরখা  
 নায় এক দরখাস্তের সহিত দাখিল করিতে  
 হইবেক এই দরখাস্তে যত নমক দরকার ও  
 যে জিলা ও যে ঘাট হইতে নমক ওজন  
 দেওয়া যাইবেক তাহার আইন লিখিতে  
 হইবেক ইহাতে শরত এই যে যদি এই  
 উক্ত ঘাট কিম্বা গোলায় এই দরখাস্তের  
 লিখিত নমক মৌজুদ থাকে তবে দরখাস্ত  
 কর্তা সেই জিলায় সাল্ট এজেন্ট সাহে  
 বের উপর অথবা সালিখ্যার সুপারিণ্টে  
 ন্ট সাহেবের উপর এই খরিদা নমক দে  
 ওনের নিমিত্তে এক হুকুম পাইবেক। সেই  
 হুকুমের সম্বলিত এই নমকের হেফাজ  
 তের নিমিত্তে নিয়মিত দলিল থাকিবেন।  
 এবং সেই দলিল এইক্ষণে যে প্রকারে  
 ব্যবসায়ার্থে চলন হইতেছে সেইরূপ হই  
 বেক। যদিপি গোলায় যে নমক মৌজুদ  
 আছে তদপেক্ষা অধিক নমকের দরখাস্ত  
 পাওয়া যায় তবে যাহারদিগের নিকট  
 সব ত্রেজুরর সাহেবের দস্ত আগের নবে  
 ম্বরের রসীদ থাকিবেন তাহারদিগের দ  
 রখাস্ত আর্গে গ্রাহ হইবেক। আর নমক  
 দেওনের নিমিত্তে বোর্ডের হুকুমের তা  
 রিখ অবধি তিন মাসের মধ্যে যদি এই ন  
 মক গোলাহইতে খালাস না হয় তবে  
 এক্ষণে যে প্রকার গোলা ভাড়া ও শুদ্ধি  
 দিতে হয় সেইরূপ দিতে হইবেক। অ  
 থবা দরমাহা ফিশত মোনে ১ টাকার  
 হিসাবে লাগিবেন।

## ইশতেহার।

৬ দফা। দুই মাস পূর্বে ইশতেহার না  
 দিয়া গবর্নমেন্ট কোন প্রকারে এই ইশতে  
 হারের ফর্দের লিখিত কোন ঘাটের অথ  
 বা গোলায় মৌজুদ নমকের দর কমী করি  
 বেন না।  
 ৭ দফা। সরকারী গোলাহইতে যে স  
 কল নমক বিক্রয় হয় তাহার দর কমীর  
 বাবত ইশতেহার কলিকাতা গেজেটনা  
 মক ছাপার কাগজে প্রকাশিত হইবেক  
 এবং তাহার নকল যে ২ সরকারি ঘাটে  
 ও গোলাহইতে নমক দেওয়া যায় তথায়  
 ও বোর্ডের দপ্তরখানায় এবং তাবৎ সাল্ট  
 এজেন্ট ও নমক চৌকিয়াতের সুপারিণ্টে  
 ন্ট সাহেবের কাছারীতে লটকান যাই  
 বেক।  
 ৮ দফা। নীলামে নমক বিক্রয়করণের  
 রীতি পুনশ্চ স্থাপিতকরণের আবশ্যকতা  
 হইবেক এমত কোন প্রকারেই গবর্নমে  
 ন্টের অনুমান হয় না যদিচ এই রীতি  
 পুনঃস্থাপন নিতান্তই আবশ্যক হয় তবে  
 ছয় মাস পূর্বে এই বিষয়ের ইশতেহার দে  
 ওয়া যাইবেক এবং এই ইশতেহারে প্র  
 ত্যেক রকম নমক যাহা ইশতেহারের তা  
 রিখ হইতে ছয় মাসের পর নীলামে বিক্র  
 যের নিমিত্ত ধরা যাইবেক তাহার ফিশত  
 মোনের নিরিখ দর লিখিত হইবেক।  
 ৯ দফা। ইহার পূর্বে নীলামে বিক্রীত  
 নমকের প্রতি নমকসম্বন্ধীয় আইনসকল  
 যেরূপে খাটিত তদনুরূপে এই ইশতেহা  
 রের দ্বারা যে নমক খোশসওদায় বিক্রয়  
 হইবেক তাহারো প্রতি এই সকল আইনের  
 হুকুম খাটিবেক।  
 ১০ দফা। অধিকন্তু জ্ঞাত করা যাইতে  
 ছে যে যে নমক সন হালের ১ মার্চ তারি  
 খের পূর্বে সরকারি প্রকাশ্য নীলামে খ  
 রিদারান খরিদ করিয়াছে তাহার আম  
 নত পেশগি অথবা কিম্বতের টাকা বাকী  
 থাকে তবে তাহা নিয়মানুসারে সানি নী  
 লামে বিক্রয় করা যাইবেক। এই ইশ  
 তেহারের উপরের লিখিত শরত দ্বারা  
 কোন মতে এই সানি নীলামের ব্যাঘাত  
 কিম্বা সাবেক নীলামের শরত আমলে  
 আনিবার প্রতিবন্ধকতা উপলব্ধি হই  
 বেক না।  
 বিমোজিব হুকুম সাহেবান আলিসান  
 বোর্ড পরমিট ও নমক ও আফিন ইতি  
 তাং ২৩ মার্চ সন ১৮৩৬ সাল।  
**S. G. PALMER,**  
*Acting Secretary.*  
 নীচের লিখিত ঘাটহায় ও গোলাহায়ে  
 নমক মৌজুদ থাকিলে যে প্রকার নির্দ্ধারিত  
 দরে নমক পাওয়া যাইবেক তাহার তফ  
 সীল।  
 জিলা হিজলির এজেন্সী।  
 ৮২ নিষ্কার ওজনে ফি সের ৩৪০ সেরে  
 ফি মোন এই হিসাবে ১০০ মোনের দর।  
 কোং টাকা  
 রসুলপুর ... .. ৪১৭  
 কালীনগর ... .. ৪২১  
 মাদাখালি ... .. ১১৬

## ইশতেহার।

গুপিনগর ... .. ৪৪৩  
 কৃষ্ণনগর ... .. ৪৩৭  
 তেরপাইকা ... .. ৪৪৩  
 খোলাখালী ... .. ৪২২  
 রামনগর ... .. ৪১৬  
 নাফরী ... .. ৩৮৫

জিলা তমোলুকের এজেন্সী।  
 নারায়ণপুর ... .. ৪৩৪  
 শিউড়িয়া ... .. ৪৪১  
 সামপুর ... .. ৪৩২

জিলা চব্বিশপরগনার এজেন্সী।  
 ধনা বাহারবুনি ... .. ৪৪৮  
 দেশী ... .. ৪৩৭

জিলা যশোহরের এজেন্সী।  
 বাগুড়ী ... .. ৪৩৬

জিলা ভুলুয়া এজেন্সী।  
 গোপালপুর ... .. ৪১৬  
 সন্দীপ ... .. ৪১৬  
 হাতিয়া ... .. ৪২৭  
 সাগরদী ... .. ৪২৭  
 দক্ষিণ শাহাবাজপুর ... .. ৪২৭  
 ধনিয়া মনিয়া ... .. ৪২৭

জিলা চট্টগ্রাম এজেন্সী।  
 নেজামপুর মবারকছনা ... .. ৪১৬  
 ভগবানপুর ... .. ৪২৭  
 জুলদিয়া ... .. ৪৩৭  
 বাহিরচর ... .. ৪২৭  
 খরসকুল ... .. ৪২৭  
 আরাধানের নমক বাবতে ১৮৩৩। ৩৪।  
 ৩৫ ... .. ৪২৭

সালিখাগোলা।  
 কটক পাঙ্গা বাবতে ১২৪০ সাল ... .. ৪৬৫  
 খোরাদা এই ১২৪০ সাল ... .. ৪৬২  
 বালেশ্বর এই ১২৪০ সাল ... .. ৪৬৪  
 মাস্তাজ পরিমিট এই ১৮৩৩। ৩৪ সাল ... .. ৪০৫  
 বোম্বাই নমক ১৮৩৩। ৩৪ সাল ... .. ৩২৫  
 বমরা নমক ১৮৩৪। ৩৫ সাল ... .. ৪১৬  
 সৈলান নমক ১৮৩৩। ৩৪ সাল ... .. ৩২৫  
 মক্কা নমক ১৮৩৩। ৩৬ সাল ... .. ৪১১  
 লেবরপুল নমক ... .. ৪২৭  
 সৈন্ধব লবণ ... .. ৪২৭  
 আবরা নমক ... .. ৩৭৩

বিমোজিব হুকুম সাহেবান আলিসান  
 বোর্ড পরমিট ও নমক ও আফিন ২৩  
 মার্চ সন ১৮৩৬ সাল মং ১২ ৪০ সাল  
 বাং তাং ১২ চৈত্র।  
**S. G. PALMER,**  
*Acting Secretary.*

**Advertisement.**  
 Four Thousand maunds of excel  
 lent Paddy, for Sale, at No. 51,  
 Dhurumtollah, at 9 annas per  
 maund; to be delivered in any quan  
 tity above 10 maunds. Enquire of the  
 Sirkars at the above place.

ইশতেহার।  
 ধর্ম্মতলার ৫১ নম্বরের বাটীতে চারি

## ইশতেহার।

হাজার মোন সুন্দর ধান্য মোনকরা নয়  
 আনার হিসাবে বিক্রয়ার্থ রক্ষিত হইয়া  
 ছে। দশ মোনের অধিক যত লইতে চা  
 হেন তাহা উক্ত স্থানের সরকারেরদিগকে  
 জিজ্ঞাসা করিলে পাইতে পারিবেন।

বিজ্ঞাপন।  
 সমাচার দেওয়া যাইতেছে যে গত ২  
 মার্চ বুধবার কলিকাতা নগরে শ্রীভগ  
 বতীচরণ সরকারের স্থানহইতে দুই কে  
 তা বাঙ্গাল বেঙ্ক নোট খোয়া গিয়াছে বি  
 শেষতঃ  
 ২২,০৫৮ নং এক কেতা ১০০০ টাকা  
 ২১,৮২৭ নং এক কেতা ১০০০  
 যিনি এই নোট পাইয়া থাকেন অথবা  
 অনুসন্ধান পান তিনি অনুগ্রহপূর্বক কলি  
 কাতা শহরের লালগির্জার ছাপাখানাতে  
 শ্রীযুত মরি সাহেবের নিকট অথবা শ্রী  
 রামপুরের ছাপাখানাতে তাহার সম্বাদ  
 দিলে উপযুক্ত পারিতোষিক পাইবেন।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ডিক্শনারি।  
 জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরের  
 মুদ্রায়ন্ত্রালয়ে ইঙ্গরেজী শব্দের অর্থ বঙ্গ  
 ভাষাতে লিখিত যে দ্বিতীয় বালম ডিক্শ  
 নারি মুদ্রাঙ্কিত হইয়াছিল তাহা পুনর্বার  
 উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া অদ্য প্র  
 কাশ হইল। মূল্য পূর্বমতই দুই বালমে  
 ১০ এক বালমে ৬ টাকা স্থির আছে।  
 যাহার লওনের আবশ্যক থাকে শ্রীরাম  
 পুরের ছাপাখানাতে বা কলিকাতার লাল  
 গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদা  
 মে গমন করিলে পাইবেন।  
 শ্রীরামপুর ১৫ আপ্রিল ১৮৩৬।

সাবেক সরিফ সেল।  
 সমাচার দেওয়া যাইতেছে যে আগামি  
 ২৮ আপ্রিল বৃহস্পতিবার বেলা ঠিক দুই  
 প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের  
 বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বা  
 রের নিকট কলিকাতার সাবেক সরিফ  
 শ্রীযুত জজমনি সাহেব প্রথম কেতা মৃত  
 কৃষ্ণমোহন মুখুয্যে নীলামের নিয়ম সন্মত  
 না করিবাতে তাহার টর্নি রমানাথ মুখু  
 য্যে ও কৃষ্ণমোহন মুখুয্যের বিরুদ্ধে বে  
 ন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার  
 ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে  
 ইহা বিক্রয় করিবেন।  
 বিশেষতঃ কলিকাতানগরে চাঁদনির শা  
 মিল ও তন্ন্যাস্তিত যে এক খণ্ড ও বন্দ রা  
 ইয়তী ভূমি অনুমান ১০৫০ পাঁচ কাঠা  
 বার ছটাক তাহা কিছু কমী হউক বা বে  
 শী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তা  
 হার উপর পূর্বোক্ত আসামী মৃত কৃষ্ণ  
 মোহন মুখুয্যের যে স্বত্ত্ব ও অধিকার ও  
 সন্মর্ক আছে তাহা উপরে লিখিত কাল

ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কৃষ্ণমোহন মল্লিকের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে গোপালচন্দ্রের বাটী ও ভূমি। পূর্ব দিগে মুন্সী জহুরদৌনের বাটী ও ভূমি। পশ্চিম দিগে এক সরকারী গলি।

এবং পূর্বেক কলিকাতানগরের চাঁদ নির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ১২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্বেক আসামী মৃত কৃষ্ণমোহন মুখুয়োর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্বন্ধ আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম ও দক্ষিণ দিগে গোবিন্দচন্দ্র ধরের বাটী ও ভূমি। উত্তর দিগে শম্ভুচন্দ্র সেনের বাটী ও ভূমি। পূর্ব দিগে এক সরকারী গলি।

সরিকের দপ্তরে অব্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

**অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতিঃ।**

সর্বজন জ্ঞাত কারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আঙ্কিতাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সঙ্কারণতত্ত্বমুদ্রিতকরণ প্রথম ভাগ জেলদবন্দী হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বস্মৃতি সমাপ্ত হইয়াছে তন্মূল্য ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইরূপে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁছিবিক এবং কলিকাতানগরে লালগির্জার সম্মুখে এখানকার গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

**রাঁমায়াণ।**

সর্বজন জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রাঁমায়াণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রাঁমায়াণ মুদ্রিতকরণ জেলদবন্দী হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকটে পঁছিবিক এবং কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন। যে মহাশয়ের পূর্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে

লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেলদের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

**সটীকমনুঃ।**

সর্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুঞ্জকুটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রিতকরণ জেলদবন্দী হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁছিবিক এবং কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

**মহাভারত।**

শ্রীরামপুরের যজ্ঞালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ক মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে সুপণ্ডিতকর্তৃক সংশোধনপূর্বক মুদ্রিত হইতেছে। এই গ্রন্থ দুই বালমে প্রস্তুত হইবে। মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

**বাঙ্গলা ভাষায়।**

বাঙ্গলা ভাষায় গবর্ণমেন্টের আইন।

শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭২৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭২৪-১৮০৫ সালের তৃতীয় বালমে ইং ১৭২৬-১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২-১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬-১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সাল অবধি ১৮২৬ সাল পর্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইরূপে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭২৩ সাল অবধি ১৮১৪ সাল পর্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭২৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেন্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ। অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩৩ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমিদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭২৩ সাল অবধি ১৮২৪ সাল পর্যন্ত জমিদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেন্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফোর্ট উলিয়ম ব্যবস্থাপক ডিপার্টমেন্ট ১১ আপ্রেল ১৮৩৬।

নীচে লিখিতব্য আইনের পাণ্ডুলেখা ১৮৩৬ সালের ১১ আপ্রিল তারিখে ভারতবর্ষের শ্রীলক্ষ্মীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে সর্বসাধারণের জ্ঞাপনার্থ জারী হইল।

১৮৩৬ সালের ১০ নং—আকট।

১। হুকুম হইল যে ১৮৩৩ সালের ৬ আইনের ৫ ধারার ৩ প্রকরণ রদ হইল।

২। এবং হুকুম হইল যে যখন নীল গাছের স্বত্ত্ববিষয়ে কোন বিবাদ হয় এবং বঙ্গদেশস্থ ১৮২৩ সালের ৬ আইনের ৩ ধারার ২ প্রকরণের বিধানক্রমে এই গাছের উপর দাওয়া করণিয়া ব্যক্তি কে এই গাছ দেওন বিষয়ে হুকুম হয় সেই ব্যক্তির যে আদালতে এই মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে এই আদালতের খাতিজমা বোধক এমত জামিন দিতে হইবে যে এই ভূমির উপস্থিত উপরে যাহার পূর্ব স্বত্ত্ব সন্মুক্তীয় অথবা যে খণ্ড ভূমিতে এই গাছ হইয়াছে সেই বিশেষ খণ্ডের উপরে বাকী খাজানা সন্মুক্তীয় যে কোন দাওয়া আদালতে মঞ্জুর হয় তাহা সেই ব্যক্তি দিবে এবং জামিন না দিয়া সেই ব্যক্তি এই নীল কাটিতে বা স্থানান্তর করিতে পারিবে না।

৩। এবং হুকুম হইল যে যখন কোন আইন সম্মত বন্দোবস্ত রাইয়তের ও অন্য কোন ব্যক্তির সঙ্গে হয় এবং রাইয়ত এই অন্য ব্যক্তির নিমিত্ত নীলের কৃষি করিতে অথবা এই অন্য ব্যক্তির নিকটে নীলের গাছ দাখিল করিয়া দিতে স্বীকৃত হয় এবং এই অন্য ব্যক্তি এই বন্দোবস্ত রাইয়ত পূর্ণ করিতে সক্ষম হওনার্থ যখন এই রাইয়তকে দাদনি দিয়াছে তখন যদি অন্য কোন ব্যক্তি এমত বন্দোবস্ত আছে এবং এমত দাদনি দেওয়া গিয়াছে জানিয়া এই বন্দোবস্ত অন্যথাকরণার্থ রাইয়তকে লওয়া যতবে যে ব্যক্তি দাদনি দিয়াছে সেই ব্যক্তি রাইয়তকে লওয়ানিয়া ব্যক্তির নামে এই রাইতের নামে দেওয়ানী আদালতে নালিস করিতে পারে এবং তাহার দেউভয়ের স্থানে বা এক জনের স্থানে যে পর্যন্ত ক্ষতি হইয়াছে তাহা পূরণার্থ খরচাসমেত টাকা পাইতে পারিবে।

আরো হুকুম হইল যে এই আইনের ৩ ধারাতে যে বিধান আছে তাহার এতদ্রূপ অর্থ করিতে হইবে না যে যে কোন ব্যক্তি আপনায় হুকু পাওয়ার নিমিত্ত অথবা কোন আইন অনুসারে বন্দোবস্ত পূর্ণ করায়ণের নিমিত্ত যে কোন কর্ম করিবে সেই কর্মের নিমিত্ত তাহার নামে নালিস হইতে পারে।

৪। এবং হুকুম হইল যে বঙ্গদেশস্থ ১৮২৩ সালের ৬ আইনের বিধানক্রমে অথবা এই আইনের বিধানক্রমে যে আদালতে কোন মোকদ্দমার স্তননি হয় সেই আদালত যথার্থ বিচারের নিমিত্ত আবশ্যিক বোধ করিলে ফরিয়াদী ও আসামী উভয়ের জোবানবন্দী লইতে পারেন এবং যদি আসামীর স্থানে জোবানবন্দী লইতে পারেন আসামীর স্থানে জোবানবন্দী লওনেতে আসামীর যত ক্ষতি হইয়াছে তাহা পূরণার্থ টাকা দেওয়াইবেন।

৫। এবং হুকুম হইল যে ১৮২৩ সালের ৬ আইনের বিধানক্রমে এবং এই আইনের বিধানক্রমে জাবেতামতে বা সরাদরীতে যে কোন মোকদ্দমা উপস্থিত হয় সেই মোকদ্দমা প্রধান সদর আমীন ও সদর আমীনেরদিগকে তাঁহারদের বিচার্য্য অধিকারানুসারে বিচার্য্য অর্পণ করিতে পারেন এবং যেরূপে ও যে বিধানানুসারে এই মোকদ্দমা জিলা ও শহরের জজ

**FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT, 11th April, 1836.**

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 11th April, 1836, is hereby promulgated for general information :

**ACT, No. X. OF 1836.**

I. It is hereby enacted, that Clause Third, Section V. Regulation VI. 1823, of the Bengal Code, be repealed.

II. And it is hereby enacted, that whenever the right to Indigo Plant may be contested, and an order shall be passed, under the provisions of Clause Ninth, Section III. Regulation VI. 1823, of the Bengal Code, for the delivery of Indigo Plant to one of the parties claiming the same, such party shall not be allowed to cut or remove the Indigo Plant until he shall have given sufficient security to the satisfaction of the Court trying the case, to make good any claim that shall be ultimately established to such Indigo Plant, whether arising from a prior right to the produce of the land, or from an arrear of rent due on account of the specific parcel of land from which the Plant may have been produced.

III. And it is hereby enacted, that when a lawful contract shall have been made between a Ryut and another party, by which contract the Ryut shall have bound himself to cultivate Indigo Plant for the other party, or to deliver Indigo Plant to the other party, and when the other party shall have advanced money to the Ryut for the purpose of enabling the Ryut to fulfil such contract, then if any other person, knowing that such contract exists, and that such advance has been made shall prevail upon the Ryut to break such contract, the party who made the advance shall be entitled to proceed by Civil action against the person who shall have so prevailed on the Ryut as well as against the Ryut, and to recover from him or them jointly or severally damages to the extent of the injury sustained, together with costs of Suit.

Provided always, that nothing in this Section contained shall be construed to give a right of action against any person in consequence of any act which that person may have done for the purpose of procuring payment of a debt, or performance of a lawful contract.

IV. And it is hereby enacted, that the Court trying any Suit instituted under the provisions of Regulation VI. 1823, of the Bengal Code, or under the provisions of this Act, shall be authorized to examine both the Plaintiff and the Defendant whenever the Court shall deem such examination necessary to the ends of justice ; and if the award be in favour of the Defendant, to assign to the Defendant a sum which may be a compensation to him for the expense and loss of time occasioned by the proceeding.

V. And it is hereby enacted, that it shall be competent to a Zillah or City Judge, to refer to a Principal Sudder Ameen, or Sudder Ameen, according to the amount of their respective jurisdictions, and Suit, whether regular or summary, which may be instituted under the provisions of Regulation VI. 1823, or under the provisions of this Act, to be enquired into and decided by the said Principal Sudder

সাহেবের দ্বারা বিচার ও নিষ্পত্তি হইত  
সেইরূপে ও সেই বিধানানুসারে বর্তমান  
আইন বিরুদ্ধ হইলেও প্রধান সদর আ  
মীন ও সদর আমীনও তাহার বিচার ও  
নিষ্পত্তি করিবেন।

উলিয়ম হে মাকনটিন  
ভারতবর্ষের গবর্নমেন্টের সেক্রেটারী।

### রাজকর্মে নিয়োগ।

১৩ অপ্রিল ১৮৩৬।

মুরশিদাবাদস্থ গবর্নমেন্টের সংপ্রতিকার ক  
ফর্ম কালেক্টর শ্রীযুত স্মেল্ট সাহেব স্বীয় ক  
র্মোপলক্ষে কলিকাতা রাজধানী আগমনার্থ  
এক মাসের ছুটি পাইয়াছেন।

সুবে বাঙ্গলার জিলশ্রীযুত গবর্নর্ বাহাদুর  
নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

১১ অপ্রিল।

শ্রীযুত ই বেটাল সাহেব ১৬ সংখ্যক অর্থাৎ  
চট্টগ্রাম প্রদেশের রেভিনিউ ও দায়েরসায়েরী  
কমিস্যনরের আসিস্ট্যান্ট হইয়াছেন।

শ্রীযুত কুম সাহেব জুলুর কার্য নিরীহার্থ  
জিলা ত্রিপুরার জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটি কা  
লেক্টরী পদ ত্যাগ করলে শ্রীযুত বেটাল সা  
হেব তৎকার্যও নিরীহ করিবেন।

১২ অপ্রিল।

শ্রীযুত এক জে হালিডে সাহেব রেভিনিউ স  
দর বোর্ডের সেক্রেটারী হইয়াছেন।

শ্রীযুত হালিডে সাহেবের পরিবর্তে শ্রীযুত  
সি টটেনহাম সাহেব অন্য ছকুম না হওনপ  
র্যন্ত নোয়াখালীর একটা জাইন্ট মাজিস্ট্রেট  
ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

১৮৩৬ সালের ৯ আইন অনুসারে শ্রীযুত  
রামচন্দ্র মিত্র জিলা চক্ষিশ পরগনার ডেপুটি  
কালেক্টর হইয়াছেন।

উপরি উক্ত আইন অনুসারে শ্রীযুত গৌর  
গোপাল রায় জিলা চট্টগ্রামের ডেপুটি কাল  
েক্টর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবের স্বাক্ষর স্থানহই  
তে ছুটি পাইয়াছেন।

ছগলির একটা সিবিলা ও সেসন জজ শ্রী  
যুত ই জে হারিংটন সাহেব স্বীয় কর্মোপলক্ষে  
মহরমের ছুটি পর্যন্ত ছুটি পাইয়াছেন। শ্রীযুত  
হারিংটন সাহেব স্বীয় কার্যের ভারে নিযুক্ত  
থাকিবেন।

মুরশিদাবাদের সদর আমীন শ্রীযুত মহম্মদ  
খসেন খাঁ মহরমের ছুটি পর্যন্ত ছুটি পাইয়া  
ছেন।

১৮৩৬ সালের ১২ আইনে সনন্দধারি উকী  
লেরদের মনোনীত ও নিযুক্ত ও বেতনের বিষ  
য়ে যে বিধান আছে তাহা অন্য বঙ্গদেশের  
জিলশ্রীযুত গবর্নর্ সাহেব মৈমনসিং ও পুর  
ণিয়া দেশে চলন করিতে ছকুম দিলেন।

৪ অপ্রিল।

শ্রীযুত ডবলিউ পি মাসন সাহেবকে শ্রীযুত  
লেপ্তেনন্ট গবর্নর্ সাহেব দিল্লীস্থ কমিস্যন  
রের আসিস্ট্যান্ট পদে পুনর্বার নিযুক্ত করিয়া  
ছেন।

শ্রীযুত নওয়ারাব আবদুল্লা খাঁ ১৮৩৬ সালের  
৯ আইন অনুসারে জিলশ্রীযুত লেপ্তেনন্ট গবর্  
নর্কর্তৃক জিলা বরেলির ডেপুটি কালেক্ট  
রী পদে নিযুক্ত হইয়াছেন।

২ অপ্রিল।

পদাতিক সৈন্যের ৪২ রেজিমেন্টের লেপ্তে  
নন্ট ও দিল্লীর শ্রীযুত গবর্নর্ সাহেবের এজে  
ন্টের দ্বিতীয় আসিস্ট্যান্ট শ্রীযুত জে এচ ফিলিপস  
সাহেব চিকিৎসকের সার্টিফিকটক্রমে ডেরার  
উত্তর পার্বতে গমনার্থ গত মাসের ২৬ তারিখ  
অবধি এক বৎসরের ছুটি পাইয়াছেন।

Ameen, or Sudder Ameen, in the same  
manner, and under the same rules, as such  
Suit may be enquired into and decided by  
a Zillah or City Judge, any thing in the  
existing Regulations to the contrary not-  
withstanding.

W. H. MACNAGHTEN,  
Sec. to the Govt. of India.

### Civil Appointments.

13th April, 1836.

Mr. A. Sinelt, late Collector of Govern-  
ment Customs at Moorshedabad, has ob-  
tained leave of absence for one month, to  
visit the Presidency, on account of private  
affairs.

The Right Honourable the Governor of  
Bengal has been pleased to make the fol-  
lowing appointments :

11th April.

Mr. E. Bentall to be an Assistant un-  
der the Commissioner of Revenue and  
Circuit of the 16th or Chittagong Division.  
Mr. Bentall will officiate as Joint Magis-  
trate and Deputy Collector of the District  
of Tipperah, when Mr. Bruce leaves it to  
take charge of Bullooh.

12th April.

Mr. F. J. Halliday to be Secretary to  
the Sudder Board of Revenue.

Mr. C. Tottenham to officiate, until  
further orders, as Joint Magistrate and De-  
puty Collector at Noacolly, in the room  
of Mr. Halliday.

Ram Chunder Mitter to be Deputy Col-  
lector in Zillah 24-Pergunnahs, under  
Regulation IX. of 1833.

Gour Gopaul Roy to be ditto ditto in  
Zillah Chittagong, under the above Re-  
gulation.

The following officers have obtained  
leave of absence from their station :

Mr. E. J. Harington, officiating Civil  
and Session Judge of Hooghly, during the  
approaching Mohurrum Vacation, on pri-  
vate affairs. Mr. Harington will retain  
charge of his office.

Mahomed Khorshed Khan, Sudder A-  
meen in Moorshedabad, during the ensu-  
ing Mohurrum Vacation.

The Right Honourable the Governor  
of Bengal has this day been pleased to  
extend the Provisions of Regulation XII.  
of 1833, regarding the selection, appoint-  
ment, and remuneration of authorized  
Pleaders to the Zillah Courts of Mymun-  
sing and Purneah.

4th April.

The Honourable the Lieutenant Gover-  
nor has been pleased to re-appoint Mr.  
W. P. Masson to be an Assistant under  
the Commissioner of Delhi.

The Honourable the Lieutenant Gov-  
ernor is pleased to appoint Nawab Ab-  
doolla Khan to be Deputy Collector un-  
der Regulation IX. of 1833, in Zillah  
Bareilly.

2d April.

Lieutenant J. H. Phillips, of the 42d  
Regiment N. I. and 2d Assistant to the  
Agent to the Governor at Delhi, has ob-  
tained leave of absence for one year, from  
the 26th ultimo, to proceed to the Hill  
North of Deyrah, on medical certificate.

## সমাচার দর্পণ

শনিবার ২৩ অপ্রিল ১৮৩৬।

যুদ্ধবিগ্রহ।

এতদেশে ইঙ্গলণ্ডীয়েরদের সমুজোর ম  
ধ্যে প্রায় কখন এমত হইতে পারে না যে  
কোন এক প্রদেশে কিঞ্চিৎ অত্যাচার  
মধ্যেই না হয় তাহা যদ্যপি অন্যাসে দ  
মন হয় তথাপি তাহা চলিত কার্যবিবর  
ণের মধ্যে লিখিতে হয় অতএব এইরূপে  
ইঙ্গলণ্ডীয়েরদের মহারাজের মধ্যে তিন  
স্থানে এতদ্রূপ উৎপাত উপস্থিত।

প্রথমতঃ ত্রৈলিঙ্গ দেশের অন্তঃপাতি গু  
মসর স্থানে ঐ প্রদেশে এক মাসাবধি  
যুদ্ধ হইতেছে এবং যদ্যপিও ইঙ্গলণ্ডী  
য়েরদের সৈন্যেরা দেখিতেছেন যে বিপক্ষ  
পক্ষীয়েরা তাহারদের সম্মুখে যুদ্ধার্থ দ  
ণ্ডমান হয় না তথাপি তদ্দেশের দুর্গা  
মঠা ও জলবাতাসের প্রতিকূলতাতে শান্ত  
হইয়াছেন। যে রাজা এই উৎপাত আ  
রম্ভ করেন কথিত আছে তিনি মরিয়াছেন।  
এবং তাহার পুত্র ইঙ্গলণ্ডীয় কমিস্যনর  
সাহেবের হস্তে আত্মসমর্পণ করিয়া  
ছেন তথাপি তদ্দেশ অদ্যাপি পরাজিত  
হয় নাই এবং প্রজারা প্রায় সকলই পলা  
য়ন করিয়াছে তাবৎগ্রাম শূন্য প্রায় সক  
লই ভস্মসাৎ হইয়াছে।

দ্বিতীয় উৎপাত ঐ গুমসরের সম্মুখ  
ভি তটে অর্থাৎ আরাবানে হইতেছে ঐ  
স্থানে অবাধ্যেরা ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে  
অতিক্রমজনক যুদ্ধ করিতেছে ঐ প্রদে  
শস্থ তাবৎ সৈন্যেরা রণস্থলে প্রেরিত হই  
য়াছে কিন্তু অদ্যাপি দেশ সুস্থির হয়  
নাই। এবং ঐ তটে গবর্নমেন্টের এক  
বাক্ষ্য জাহাজ প্রেরণ করিতে হইয়াছে।

তৃতীয় উৎপাত। পূর্বোক্ত উভয় স্থা  
নের পাঁচ শত ক্রোশ অন্তরে অর্থাৎ হিমা  
লয় পার্বতের নিম্নে বিন দেশে। সংপ্র  
তি ঐ স্থানীয় অধ্যক্ষের লোকান্তর  
হওয়াতে কথিত হইয়াছে যে ঐ অধি  
কার ইঙ্গলণ্ডীয়েরদের হস্তগত হয় তা  
হাতেই উৎপাত আরম্ভ হইয়াছে ঐ  
উৎপাতের শান্ত্যর্থ প্রথমতঃ বোধ হইল  
যে অবশ্য সৈন্য প্রেরণ করিতে হইবে  
কিন্তু তৎপরের সন্মুখেতে জাত হওয়া  
গেল যে ঐ অবাধ্যেরা যখন স্তমিল যে  
ইঙ্গলণ্ডীয়েরা সৈন্য প্রেরণ করিতেছেন ত  
খন বাধ্য হইল।

চার বৃক্ষ।

পাঠক মহাশয়েরা অবগত আছেন যে  
আসামদেশের সীমান্তে সর্দয়া স্থানের  
জঙ্গলে চার বৃক্ষ আপনই জন্মিতেছে।  
অতএব গত বৎসরে গবর্নমেন্ট শ্রীযুত ডা  
ক্টর উয়ালিক সাহেব এবং অন্য দুই তিন  
জন বিজ্ঞ সাহেবেরদিককে ঐ বৃক্ষ অশ্বেষ  
গার্থ তথায় প্রেরণ করিয়াছেন। স্তমিয়া  
পরমাপ্যায়িত হইলাম যে ঐ সাহেবলো  
কেরা তাহাতে কৃতকার্য হইয়াছেন। বি  
শেষতঃ তাহার ঐ অঞ্চলীয় জঙ্গলের ম  
ধ্যে পঞ্চ স্থানে প্রকৃত চার বৃক্ষ বাহুল্য  
পে জন্মিতে দেখিয়াছেন। এইরূপে চার  
পত্র প্রস্তুতকরণের রীতি জাত হইলেই  
ইঙ্গলণ্ডীয় অধিকারের মধ্যে বাহুল্যরূপে  
চার বৃক্ষ উৎপাদনে কোম বাধা থাকিবে  
না বোধ হইতেছে যে পশ্চিম ও উত্তর  
অঞ্চলস্থ পার্বত্যোপরি ঐ বৃক্ষের বাহুল্য  
রূপে কৃষি হইতে পারে এবং বোধ হয়

## SUMACHAR DURPUN.

SATURDAY, 23D APRIL, 1836.

Insurrections.

In the extensive territories held by the  
British in this country it is scarcely pos-  
sible but that in one province or another,  
there should not be local disturbances,  
which though easily put down, require  
to be noticed among passing events.  
At the present moment there are three  
such insurrections in three different  
parts of this empire.

The first is that at Goomsur, in the  
Telinga country, which has now con-  
tinued for several months, and in the  
prosecution of which though the British  
troops have found that the enemy will  
not face them, yet have they been har-  
rassed by the difficulties of the country  
and the insalubrity of the climate. The  
chief who raised this disturbance, is  
said to have died, and his son has deli-  
vered himself up to the English Com-  
missioner; but the country is not con-  
quered; the people have fled to the  
mountains, the villages are empty, and  
in most cases have been burnt.

The second disturbance is on the op-  
posite Coast of Arracan, where the dis-  
affected are carrying on a harassing  
warfare with the English. The troops  
of the province have been all sent into  
the field, but the country is not settled;  
and Government have now been under  
the necessity of sending a steamer to  
that Coast.

The third insurrection is more than a  
thousand miles from the scene of the  
two first named disturbances, in the  
Jheend territory at the foot of the Hi-  
malaya mountains. The chief of that  
territory having recently died, the ter-  
ritory has, we hear, come into possession  
of the English and this has created a  
disturbance, to quell which it was at  
first supposed that troops would bene-  
cessary; but subsequent accounts state,  
that the insurrectionists on hearing of  
the assemblage of troops, made their  
submissions.

The Tea Plant.

Our readers are aware that the tea  
plant having been discovered growing  
wild at Suddiya, the most Eastern dis-  
trict of Assam, Government last year  
sent Dr. Wallich, and two or three other  
scientific gentlemen into that part of the  
country to make researches. We are  
happy to learn that those gentlemen  
have been completely successful; that  
they have discovered the genuine tea  
plant growing in great abundance in  
the forests in that part of the country in  
no fewer than five places; and that no-  
thing is now wanting to the production  
of tea within the British territories, but  
the means of manufacturing the leaves.  
It is now supposed that this plant may  
be cultivated throughout the whole of  
the mountainous regions on our north-

যে অল্প দিনের মধ্যেই চার যেমহা বাণিজ্য আছে তাহার অধিকাংশ ইঙ্গল গুণীয় বঙ্গদেশস্থ রাজ্যে হইতে পারিবে তাহা হইলে সহস্র লোকের মহোপকার এবং তাহা দেশীয় মহা ধনের আকর তুল্য হইবে এতদেশীয় লোকেরদেরও চার বিষয়ে চা আছে কেবল মূল্যাধিক্যপ্রযুক্ত তাদৃশ ব্যবহার করিতে পারেন না এইরূপে ভরসা হয় যে এতদেশের মধ্যে তাহা উৎপন্ন হইলে মূল্যের ন্যূনতাহওয়াতে সর্বসাধারণ ব্যক্তিই তাহা সেবন কবিত্তে পারিবে।

#### নীলবিষয়ক আইন।

নীলকর সাহেবেরদের নীল গাছের কবুলতিবিষয়ে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলী সাহেবেরা যে আইন করিয়াছেন তাহা আমরা প্রকাশ করিলাম। যখন এই আইনের পাণ্ডুলেখ্য প্রথম সকলকে জ্ঞাপন করা যায় তখন তাহাও আমরা অনুবাদ করিয়াছিলাম। কিন্তু এই আইন যেরূপে কৌন্সেলে চূড়ান্তমতে প্রকাশ হইয়াছে তাহার এক প্রতিলিপি পাইলে বোধ হয় পাঠক মহাশয়েরদের উপকার হইবে।

#### চন্দন নগর।

অবগত হওয়া গেল যে ফুদচেরির ফুলস্বীয় ত্রিযুত গবর্নর সাহেব সৎপ্রতিমাত্রাজে গমন করিয়াছেন। তাহার অভিপ্রায় এই যে ফুলস্বীয় ও ইঙ্গলগুণীয়েরদের সঙ্গে কিঞ্চিৎ ভূমির বিনিময় হয়। বিশেষতঃ ফুলস্বীয় গবর্নমেন্টে ইঙ্গলগুণীয়েরদিগকে আপনাদের তাবৎ ক্ষুদ্র বসতি অর্থাৎ চন্দন নগর ও মচলি বন্দরের নিকটবর্তী ক্ষুদ্র একটু স্থান এবং এই তটের মধ্যে অন্যান্য কতিপয় স্থান দিতে স্বীকৃত হইয়াছেন ইহার পরিবর্তে তাহার বিটিস গবর্নমেন্টের স্থানে ফুদচেরির নিকটবর্তী কিঞ্চিৎ ভূমি চাহিয়াছেন।

#### উলুবেড়িয়ার খাল।

উলুবেড়িয়ার পোনে চারি ক্রোশ লম্বা যে খাল দিয়া আসিলে দুই নদী ২০ ক্রোশ ঘুরিয়া আসিত হয় না তাহা এইরূপে উভাট মৃত্তিকাতে এমত রুদ্ধ হইয়াছে যে পূর্ণ জোয়ার না হইলে তথ্যে নৌকা প্রবেশ করিতে পারে না। এই নদীতে দক্ষিণ পশ্চিমের বাতাস বহিলে বড় তুল্য কানে বোঝাই নৌকার অতিদ্রুত হয়। এই খাল কাটা এইরূপে দশ বৎসরও পূর্ণ হয় নাই। এবং এই খাল কাটনসময়ে যেমন আবশ্যক ছিল তদপেক্ষা এইরূপেও কিছু কম আবশ্যক নহে বরং দামোদর নদদ্বারা বাণিজ্যের বৃদ্ধি হইয়াছে। গঙ্গা তে বাষ্পীয় জাহাজের গমনাগমনের বাহুল্য ও গুলফের কলে ও গঙ্গাতীরস্থ ময়দার কলে ও কাশীপুরের কামান চালিবার কারখানায় ও সাধারণ ব্যক্তিদের কুঠী এবং নদীর তীরে অনেকস্থানে যে বাষ্পীয় কল প্রস্তুত হইয়াছে ও হইতেছে তাহাতে গত দশ বৎসরের মধ্যে কয়লা খরচের তিন গুণ বৃদ্ধি হইয়াছে এবং যদিও পূর্বে ব্যাঘাত না থাকিত তবে এই তাবৎ কয়লাই এই খাল দিয়া আসিত। ইহাও এক ক্ষুদ্র বিষয় নহে যেহেতুক এইরূপে বৎসরে ৬ লক্ষ মোনেরও অধিক কয়লা খরচ হইতেছে এই খাল অবরুদ্ধ হওয়াতে কয়লার নৌকার যে অনুপকার তাহা কেবল নহে কিন্তু অন্যান্য নৌকারও ক্রেশ বিশেষতঃ উপযুক্তমত এই খালের গমনাগমনের পথ মুক্ত থাকিলে তমোগুলক এজেন্সীর তাবৎ নিমক ও অপ

eastern frontier. And it is not improbable that in a few years we shall have no small portion of the tea trade transferred to Bengal, which will give employment to thousands of individuals and prove another source of national wealth. And as the Natives have a great predilection for tea, and are only precluded from using it more extensively by the high price it bears, it is to be hoped that when it can be raised cheap within our own dominions, that the use of it will become more general among all classes of the natives.

#### Indigo Regulation.

We have this day published the New Regulation passed by the Legislative Council of India regarding the contracts of Indigo Manufacturers for plant. When the draft of the Regulation was first laid before the public, we gave a translation of it; but our readers may find it useful to obtain a copy of it as finally passed by the Council.

#### Chandernagore.

We learn that the French Governor of Pondicherry has just paid a visit to Madras, the object of which was an exchange of territory between the British and the French Governments. On the one hand the French Government proposed to make over to the English all their minor settlements, such as Chandernagore, and a small spot of ground at Masulipatam, and other places on the Coast. In return for which they ask the British Government to grant them an extension of their territory round Pondicherry.

#### Oolobarreah Canal.

The Oolobarreah canal, a cut of seven miles and a half, whereby a double river navigation of forty miles, very rough and dangerous for loaded boats, in the southwest monsoon, may be avoided, is now so choked up with silt, that boats cannot pass through at all except at full tide, and is consequently become of very little use. This is a cut scarcely ten years old, and nothing has occurred to make it less desirable now than when it was projected. On the contrary, the traffic of the Damooda has immensely increased. The extension of Steam Navigation on the Ganges, the erection of the Glover works, the Strand Mills, the Foundry and private Factories at Cossipore, and other Steam Engines erected and erecting along the banks of the river, have trebled the consumption of coal during the last ten years, and the whole of it would pass through the Oolobarreah canal, but for the obstructions alluded to. This alone is no small matter, being already more than twenty thousand tons in the year. The coal boats however are but a small portion of the craft which are now deprived of the benefits of this neglected canal. All the salt of the Tumlook Agency, immense quantities of grain and straw, all the silk

রিমিত ধান্যাদি ও খড় ও জিলা মেদিনীপুরের তাবৎ রেশম এই খাল দিয়াই আনিত তবে কিনিমিত্ত তাহার পথ মুক্ত না করা যায়।

#### ইটালির নতুন খাল।

হরকরাপত্রে লেখে যে কল্যা নৌকা ও ঘাট মাস্তি ও চৌকিদারেরদের বিষয়ে যাহা লেখা গেল তৎপ্রযুক্ত ইটালির নতুন খালের অবস্থাবিষয়ে আমারদের দৃষ্টিপাত হইল। আমরা শুনিলাম যে এই খাল নৌকাতে পরিপূর্ণ কিন্তু জিজ্ঞাসা দ্বারা শুনা গেল যে খানার পেয়াদারা আপনাদের রীতিমতই উৎপাত করিতেছে। তদুপরি নতুন অর্থসংকীর্ণ এই খাল দিয়া যত নৌকা আইসে তাহার শত করা ৪ টাকা মাসুল অথচ টালির পুরাতন খালে শতকরা ২ টাকা মাসুল লাগে ফলতঃ ১৮১০ সালে ইটালির যে পুরাণা খাল হইয়াছিল তাহার উপরে পূর্বে তই মাসুল দেওয়া যাইতেছে এবং তদতিরিক্ত এই খালহইতে গঙ্গাপর্যন্ত যে নতুন খাল হইয়াছে তাহার উপরেও আর একটা মাসুল বসান আছে। যদিও শে যোক্ত মাসুল রহিত হইত এবং টালির পুরাতন খালের উপরে যত মাসুল নির্দিষ্ট আছে তদপেক্ষা এই নতুন খালে অধিক মাসুল না হইত তবে অনেক উপকার দর্শিত। তাহাতে দেশীয় তাবৎ দুবা এই নতুন খাল দিয়া গঙ্গায় পহুঁছিত এবং ইটালির খাল এইরূপে যেমত নৌকাকীর্ণ তদ্রূপ হইত না। ইটালির খাল যদি কিঞ্চিৎ গভীর করিয়া কাটা যাইত তবে অনেক কার্য হইত। যখন বেলিয়া ঘাটার নিকটবর্তী ঝিলের জল সেচনের কর্ম এবং ইটালির অন্যান্য সুশোভক কার্য আরম্ভ হয় তখন এই খাল গভীরকরণের কল্পে মনোযোগ হইতে পারিবে।

#### হিন্দুকালেজ।

আমরা অত্যাঙ্কাদপূর্বক সর্বসাধারণকে বিজ্ঞাপন করিতেছি যে হিন্দুকালেজের কার্য নিরীহক কমিটি ছাত্রেরদের পূর্বাংকো উত্তমরূপ উপবেশনের নিমিত্ত দুইটা কুঠীর নির্মাণের অনুমত্যর্থাৎ গবর্নমেন্টে দরখাস্ত দিয়াছেন। ফলতঃ স্বভাবত এই বিষয় সামান্য বোধ হয়। ইহাতে দেখা যাইতেছে যে এই কালেজের বিরুদ্ধে যাহা হইয়াছিল তাহা তাহার স্বপক্ষেই হইল এবং পূর্বাংকো এই বিদ্যালয়ের কার্য সুন্দররূপে চলিতেছে এইপ্রযুক্ত আমরা তদ্বিষয় আঙ্কাদপূর্বক প্রকাশ করিলাম।

#### জাল হুণ্ডী।

গত বৃহস্পতিবারে আর সি জিনকিন্স কোম্পানির কুঠীর এক জন সরকার এক জাল হুণ্ডী করিয়া পলাইয়াছে। দুই হইল যে এই ব্যক্তি যে পদে নিযুক্ত ছিল সে অতিরিক্ত পদ তাহার কার্য এই ছিল যে এই কুঠীর উপরে যে সকল চ্যাক আইসে তাহা সাহেবেরদের গ্রাহ্য হওনার্থ ত জবাজ করিয়া তাহারদের নিকটে প্রেরণ করিত। এই ব্যক্তি এই সুযোগে দিবসের যে সময়ে সাহেবেরা অত্যন্ত ব্যস্ত থাকেন এমত সময়ে যাহারদের সঙ্গে এই কুঠীর কারবার আছে এমত এক ব্যক্তির নামে হুণ্ডী করিয়া সহী হওনার্থ সাহেবেরদের সম্মুখে অর্পণ করিল। এবং তাহাতে রীতিমত হুণ্ডী টিক আছে ইহা নির্দিষ্ট থাকিতে বিনাওজরে সাহেবেরা তাহার টাকা দেওনার্থ আপনাদের নামাক্ষিত করিলেন। তৎপরে এই চ্যাক তহবিলদারের নিকটে নীত হইলে তিনি তাহার টাকা বাঙ্গাল বেঙ্ক নোট দিলেন। এই নোট জালকাগজকরণিয়া ব্যক্তি তৎক্ষণাৎ তা

of the Midnapore district, would come through the canal if the navigation were as open as it ought to be. Why then is it not so?—Cal. Cour.

#### New Entally Canal.

